PG Odd Semester Examination, 2022

BENGALI

(1st Semester)

Course No.: BNGCC-102

(ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

The figures in the right margin indicate full marks for the question.

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১. ভাষাবিজ্ঞান বলতে কী বোঝ? ভাষাবিজ্ঞান চর্চায় ফের্দিনান্দ দ্য স্যসুর এর অবদান আলোচনা করো। ২+১২=১৪

২. ভাষা বলতে কী বোঝ? বিষয়বস্তু অনুযায়ী ভাষাবিজ্ঞানের শাখাগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ২+১২=১৪

খ-গুচ্ছ

৩. ভারতীয় আর্যভাষার স্তরগুলি উল্লেখ করো। মধ্য ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+১২=১৪

৪. বাংলা ভাষার স্তরগুলি উল্লেখ করো। মাগধী প্রাকৃতের ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ২+১২=১৪

গ-গুচ্ছ

৫. স্বনিম কাকে বলে? স্বনিমীয় বিরোধ এবং বাংলায় স্বনিমের উচ্চারণ বৈচিত্র্য উদাহরণ সহ আলোচনা করো। ৪+৫+৫=১৪

৬. আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা কাকে বলে? আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপান্তর করো : ২=১২+১৪

তুমিও আইস, দেবী তুমি মধুকরী
কল্পনা! কবির চিত্ত— ফুলবন-মধু
লয়ে, রচ মধুচক্র, গৌড়জন যাহে
আনন্দে করিবে পান সুধা নিরবধি।

ঘ-গুচ্ছ

৭. উপভাষা বলতে কী বোঝ? বাঙ্গালী ও কামরূপী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো। ২+১২=১৪

৮. বাক্য গঠনে আকাঙ্খা, যোগ্যতা ও আসক্তি বলতে কী বোঝ? গঠন অনুসারে বাংলা বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৬+৮=১৪

ঙ-গুচ্ছ

৯. সমাজভাষাবিজ্ঞান বলতে কী বোঝ? বাংলায় বাক্য ব্যবহারে নারীভাষার বৈশিষ্ট্য আলোচনা করো। ২=১২+১৪

১০. ভাষা পরিকল্পনা বলতে কী বোঝ? মান্য ভাষার পরিকল্পনায় আইনার থাউগেন এর তত্ত্বব আলোচনা করো। ২+১২=১৪

****